# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)

সোনাইমুড়ি শাখা, মোতালেব প্লাজা, এছহাক মিয়ার রোড,ডাকঘরঃ সোনাইমুড়ি; থানা ঃ সোনাইমুড়িজেলা ঃ নোয়াখালী।

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, সোনাইমুড়ি শাখা, নোয়াখালী এর ঋণ গ্রহীতা মেসার্স রহিমা এন্টারপ্রাইজ, স্বত্ত্বাধিকারী-আবদুর রহমান, পিতাঃ মৃত আবদুল মোতালেব, মাতাঃ রহিমা বেগম, ব্যবসায়িক ঠিকানাঃ বি.এস.আর সড়ক, সোনাইমুড়ি বাজার, সোনাইমুড়ি, নোয়াখালী, বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ গ্রাম-হাসানপুর, ডাকঘর-নয়াহাট-৩৫২৪, থানা-সোনাইমুড়ি, জেলা-নোয়াখালী কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা ঋণ মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৭/১২/২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের সর্বমোট পাওনা ২,৯৬,৯৯,৪৭৫.৬৫ টাকা (দুই কোটি ছিয়ানব্বই লক্ষ নিরানব্বই হাজার চারশত পঁচাত্তর টাকা পঁয়ষট্টি পয়সা) মাত্র এবং অন্যান্য আনুষাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্রের আহবান করা যাইতেছে। আগামী ২৯/০১/২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, সোনাইমুড়ি শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, সোনাইমুড়ি শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা। এতদসংক্রান্ত বিস্তারিত তথ্য www.ucb.com.bd ওয়েবসাইটে পাওয়া যাইবে।

## বন্ধকী সম্পত্তির তফসিল

তফসিল-১: জেলা-নোয়াখালী, সাবেক থানা বেগমগঞ্জ হাল উপজেলা সোনাইমুড়ীর অন্তর্গত মৌজা-হাসানপুর, জে.এল. নং-৮৪, ডি.এস. খতিয়ান নং-৭৬, এম.আর.আর. খতিয়ান নং-৬৩ ও ৬৪, জমা-খারিজ খতিয়ান নং-১৩৭ ও ১৪৭, ডি.এস. দাগ নং-২১৭, হাল জোনাল (বি.এস.) দাগ নং-৪১২, জমি-২৭.০০ (সাতাশ) শতাংশ এবং ডি.এস. দাগ নং-২১৫, হাল জোনাল (বি.এস.) দাগ নং-৪০৬, জমি-৪.৬৫ শতাংশ, মোট জমি ২৭.০০+৪.৬৫=৩১.৬৫ (একত্রিশ দশমিক ছয় পাঁচ) শতাংশ ভূমি ও তদোস্থিত যাবতীয় ময় অনুষ্ঠানাদি, যাহার চৌহুদ্দিঃ উত্তরে-আমিশাপাড়া বাজার রোড, দক্ষিণে-দুলাল চন্দ্র দাসের ভূমি, পূর্বে-আবদুল মন্নান এর ভূমি, পশ্চিমে-ওমর ফারুক এর ভূমি।

তফসিল-০২: জেলা-নোয়াখালী, সাবেক থানা বেগমগঞ্জ হাল উপজেলা সোনাইমুড়ীর অন্তর্গত মৌজা-উত্তর সোনাপুর, জে.এল. নং-৭৯, ডি.এস. খতিয়ান নং-১৩৮, এম.আর.আর. খতিয়ান নং-১৬৫, জোনাল ডি.পি. খতিয়ান নং-৩৫১, জমা-খারিজ খতিয়ান নং-৩৮২, ডি.এস. দাগ নং-১৬৩৫, হাল জোনাল (বি.এস.) দাগ নং-২৪৫১ ও ২৪৫২, জমি-৬.০০ শতাংশ এবং ডি.এস. দাগ নং-১৬৩৬, হাল জোনাল (বি.এস.) দাগ নং- ২৪৫৩, জমি-৩.০০ শতাংশ, মোট জমি ৬.০০+৩.০০=৯.০০ (নয়) শতাংশ ভূমি ও তদোস্থিত যাবতীয় ময় অনুষ্ঠানাদি, যাহার চৌহুদ্দিঃ উত্তরে-বন্ধকদাতার নিজ ভূমি, দক্ষিণে-আমিশাপাড়া বাজার রোড, পূর্বে-কামাল হোসেন এর ভূমি, পশ্চিমে-হাজী অজি উল্যার ভূমি।

তফসিল-০৩: জেলা-নোয়াখালী, সাবেক থানা বেগমগঞ্জ হাল উপজেলা সোনাইমুড়ীর অন্তর্গত মৌজা-উত্তর সোনাপুর, জে.এল. নং-৭৯, ডি.এস. খতিয়ান নং-১৩৮, এম.আর.আর. খতিয়ান নং-১৬৫, জোনাল ডি.পি. খতিয়ান নং-৩৫১, জমা-খারিজ খতিয়ান নং-৩৮৭, ডি.এস. দাগ নং-১৬২৩, হাল জোনাল (বি.এস.) দাগ নং-২৪৩৭, জমি-৫৫.০০ শতাংশ, ডি.এস. দাগ নং-১৬২৯, হাল জোনাল (বি.এস.) দাগ নং-২৪৩৮, জমি-১২.০০ শতাংশ, ডি.এস. দাগ নং-১৬৩০, হাল জোনাল (বি.এস.) দাগ নং-২৪৩৯, জমি-১২.২৫ শতাংশ, ডি.এস. দাগ নং-১৬৩৪. হাল জোনাল (বি.এস.) দাগ নং-২৪৩৪, জমি-২২.০০ শতাংশ, ডি.এস. দাগ নং-১৬২৫, হাল জোনাল (বি.এস.) দাগ নং-২৪৫০, জমি-৪.০০ শতাংশ, ডি.এস. দাগ নং-১৬১৭ হাল জোনাল (বি.এস.) দাগ নং-২৪৪০, জমি-২১.০০ শতাংশ, মোট জমি ৫৫.০০+১২.০০+১২.২৫+২২.০০+৪.০০+২১.০০=১২৬.২৫ (একশত ছাব্বিশ দশমিক দুই পাঁচ) শতাংশ ভূমি ও তদোস্থিত যাবতীয় ময় অনুষ্ঠানাদি, ডি.এস. ১৬২৫, হাল জোনাল (বি.এস.) ২৪৫০ দাগে ৪.০০ শতাংশ ভূমির চৌহুদ্দিঃ উত্তরে-রাস্তা, দক্ষিণে-আমিশাপাড়া বাজার রাস্তা, পূর্বে-রাস্তা, পশ্চিমে-হাজী রহুল আমিন। ডি.এস. ১৬১৭, হাল জোনাল (বি.এস.) ২৪৪০ দাগে ২১.০০ শতাংশ ভূমির চৌহুদ্দিঃ উত্তরে-মোঃ রহুল আমিন, দক্ষিণে-মোঃ রহুল আমিন পূর্বে-বন্ধকদাতার নিজস্ব ভূমি, পশ্চিমে-বন্ধকদাতার নিজস্ব ভূমি। ডি.এস. ১৬২৩, হাল জোনাল (বি.এস.) ২৪৩৭ দাগ, ডি.এস. ১৬২৯, হাল জোনাল (বি.এস.) ২৪৩৮ দাগ, ডি.এস. ১৬৩০, হাল জোনাল (বি.এস.) ২৪৩৯ দাগ, ডি.এস. ১৬৩৪, হাল জোনাল (বি.এস.) ২৪৩৪ দাগের ১০১.২৫ শতাংশ ভূমির চৌহুদ্দিঃ উত্তরে-মালদার বাড়ী, দক্ষিণে-হাজী রহুল আমিন, পূর্বে-বন্ধকদাতার নিজস্ব ভূমি, পশ্চিমে-বন্ধকদাতার নিজস্ব ভূমি।

তফসিল-০৪: জেলা-নোয়াখালী, সাবেক থানা বেগমগঞ্জ হাল উপজেলা সোনাইমুড়ীর অন্তর্গত মৌজা-উত্তর সোনাপুর, জে.এল. নং-৭৯, ডি.এস. খতিয়ান নং-১৩০, এম.আর.আর. খতিয়ান নং-১৫৭, জোনাল ডি.পি. খতিয়ান নং-৪৪৫, জমা-খারিজ খতিয়ান নং-৪৮৩, ডি.এস. দাগ নং-১২৯০, হাল জোনাল দাগ নং-২০৫৯, জমি-৩৬.০০ (ছত্রিশ) শতাংশ ভূমি, যাহার উত্তরে-খাল, দক্ষিণে-মোঃ সাহাব উদ্দিনের ভূমি, পূর্বে-মিসেস রৌশন আক্তার এর ভূমি, পশ্চিমে-রাস্তা।

০৪ (চার) তফসিলে সর্বমোট ভূমির পরিমাণ (০১+০২+০৩+০৪)=(৩১.৬৫+৯.০০+১২৬.২৫ +৩৬.০০)=২০২.৯০ (দুইশত দুই দশমিক নয় শুন্য) শতাংশ ভূমি এবং তদোস্থিত যাবতীয় ময় অনুষ্ঠানাদি।

**ব্যবস্থাপক, ইউসিবি পিএলসি, সোনাইমুড়ি শাখা, নোয়াখালি।**

# নিলামের শর্তাবলী

১। আগামী ২৯/০১/২০২৫ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, সোনাইমুড়ি শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং সেই দিন বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরুপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, সোনাইমুড়ি শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি,বিবিধ ব্যয় সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী,আধা-সরকারী,স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা,ডেসা,ডেস্কো,গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান,ভুমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৮। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহনযোগ্য হইবেন না।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যাতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

**ব্যবস্থাপক, ইউসিবি পিএলসি, সোনাইমুড়ি শাখা, নোয়াখালী।**